

🗏 হা-মীম আস-সাজদা (ফুসসিলাত) | Fussilat | فُصِلَت

আয়াতঃ ৪১:১৯

া আরবি মূল আয়াত:

وَ يُومَ يُحشَرُ أَعداء اللهِ إِلَى النَّارِ فَهُم يُوزَعُونَ ﴿١٩﴾

আর যেদিন আল্লাহর দুশমনদেরকে আগুনের দিকে সমবেত করা হবে তখন তাদেরকে বিভিন্ন দলে বিন্যস্ত করা হবে। — আল-বায়ান

যে দিন আল্লাহর দুশমনদেরকে জাহান্নামের দিকে সমবেত করা হবে, তাদেরকে বিভিন্ন দলে বিন্যস্ত করা হবে। — তাইসিরুল

যেদিন আল্লাহর শত্রুদেরকে জাহান্নাম অভিমুখে সমবেত করা হবে সেদিন তাদেরকে বিন্যস্ত করা হবে বিভিন্ন দলে। — মুজিবুর রহমান

And [mention, O Muhammad], the Day when the enemies of Allah will be gathered to the Fire while they are [driven] assembled in rows, — Sahih International

১৯. আর যেদিন আল্লাহ্র শত্রুদেরকে আগুনের দিকে সমবেত করা হবে, সেদিন তাদেরকে বিন্যস্ত করা হবে বিভিন্ন দলে।

তাফসীরে জাকারিয়া

- (১৯) (স্মরণ কর,) যেদিন[1] আল্লাহর শত্রুদেরকে জাহান্নামে নিক্ষেপ করার জন্য সমবেত করা হবে এবং ওদেরকে বিভিন্ন দলে বিন্যস্ত করা হবে, [2]
 - [1] এখানে اذْکُر উহ্য আছে। অর্থাৎ, (সেই দিনকে স্মরণ কর,) যেদিন আল্লাহর শক্রদেরকে জাহান্নামের ফিরিশতারা একত্রিত করবেন। অর্থাৎ, প্রথম থেকে নিয়ে শেষ পর্যন্ত সকল শক্ররা একত্রিত হবে।
 - [2] يُوزَعون অর্থাৎ, তাদেরকে থামিয়ে থামিয়ে প্রথম থেকে নিয়ে শেষ পর্যন্ত সকলকে একত্রিত করা হবে। (ফাতহুল কাদীর) এই শব্দের আরো ব্যাখ্যা জানার জন্য দ্রস্টব্য সূরা নামলের ১৭নং আয়াতের টীকা।

তাফসীরে আহসানুল বায়ান



🟶 hadithbd.com — কুরআন — হা-মীম আস-সাজদা (ফুসসিলাত) | Fussilat | فُصِلَت

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4237

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন